



ইনকিলাব ভবনে শিক্ষা প্রতিমন্ত্রী  
শিক্ষা ব্যবস্থাকে আধুনিকায়ন  
ও ছাত্রসমাজকে যুগোপযোগী  
করে গড়ে তুলতে হবে

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষা প্রতিমন্ত্রী আ.ন.ম  
এহসানুল হক মিলন গতকাল (রবিবার)  
সকালে দৈনিক ইনকিলাব ভবনে আসেন।  
৪-এর পৃঃ ১-এর কঃ দেখুন

শিক্ষা প্রতিমন্ত্রী ৮-এর পৃষ্ঠার পর  
প্রতিমন্ত্রী ইনকিলাব এন্টারপ্রাইজ ও  
পাবলিকেশন-এর ব্যবস্থাপনা পরিচালক  
আলহাজ মাওলানা এম. এ. মান্নান-এর  
সাথে সাক্ষাৎ করেন। মন্ত্রী এ সময় শিক্ষার  
মানোন্নয়নে সরকারের বিভিন্ন পরিকল্পনা ও  
পদক্ষেপের কথা জানান। তিনি দেশের  
শিক্ষা ব্যবস্থাকে আধুনিকায়ন ও  
ছাত্রসমাজকে যুগোপযোগী করে গড়ে  
তুলতে উপস্থিত সাংবাদিকদের সাথে  
মতবিনিময় করেন। মতবিনিময়কালে  
ইনকিলাব-এর চীফ রিপোর্টার ও বাংলাদেশ  
ফেডারেল সাংবাদিক ইউনিয়নের মহাসচিব  
মঞ্জুরুল আলম, সহকারী সম্পাদক আবদুল  
হাই শিকদার, চীফ সাব এডিটর মোহাম্মদ  
মুসা ও সিনিয়র রিপোর্টার আবদুল হাই  
সিদ্দিক উপস্থিত ছিলেন।